



গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
বিদ্যুৎ, জ্বালানি ও খনিজ সম্পদ মন্ত্রণালয়
বিদ্যুৎ বিভাগ
প্রশাসন-১ অধিশাখা
www.powerdivision.gov.bd

স্মারক নং- ২৭.০০.০০০০.০৪১.৩১.০১১.১৬. ৩২২

তারিখঃ ১৪ পৌষ ১৪২৮
২৯ ডিসেম্বর ২০২১


“সেবা ডিজিটলাইজেশন সংক্রান্ত অফিস আদেশ”

“শেখ হাসিনার উদ্যোগ ঘরে ঘরে বিদ্যুৎ” এই স্লোগানকে সামনে রেখে বিদ্যুৎ বিভাগ নিরলসভাবে কাজ করে যাচ্ছে। বর্তমানে শতভাগ মানুষ বিদ্যুৎ সুবিধা পাচ্ছে। বিদ্যুৎ উৎপাদনের ক্ষেত্রে নবায়নযোগ্য জ্বালানিকে উৎসাহিত করা হচ্ছে। নবায়নযোগ্য জ্বালানির প্রধান চালিকাশক্তি হল সোলার এনার্জি। দুর্গম পাহাড়ি অঞ্চল ও অফগ্রিড এলাকায় যেমন সোলার এনার্জি ব্যবহার হচ্ছে তিক তেমনিভাবে শহর অঞ্চলে বাড়ি কিংবা সুউচ্চ ভবনের ছাদে এর ব্যবহার দিন দিন বৃদ্ধি পাচ্ছে। বর্তমানে নেট মিটারিং বিধিমালা প্রণয়ন করা হয়েছে এবং জনগণ এর মাধ্যমে সুবিধা পাচ্ছে। নেট মিটারিং এর মাধ্যমে সোলার প্যানেল স্থাপন করলে গ্রাহক যেমন আর্থিকভাবে লাভবান হচ্ছেন তেমনি গ্রিন এনার্জির ক্ষেত্রে বাংলাদেশ এগিয়ে যাচ্ছে।

২। মন্ত্রিপরিষদ বিভাগ এর সাথে বিদ্যুৎ বিভাগের ২০২১-২২ অর্থবছরের বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষর হয়েছে। চুক্তির আওতায় আবশ্যিক কৌশলগত উদ্দেশ্যে ই-গভর্নেন্স ও উদ্ভাবন কর্মপরিকল্পনা প্রণয়ন করা হয়েছে। কর্মপরিকল্পনার ছকে ১.৩.১ নং কার্যক্রম সূচকে আগামী ৩০/১২/২০২১ তারিখের মধ্যে ন্যূনতম একটি সেবা ডিজিটলাইজেশন করার বাধ্যবাধকতা রয়েছে। সে লক্ষ্যে বিদ্যুৎ বিভাগ কর্তৃক “সোলার এনার্জি (নেট মিটারিং) ক্যালকুলেটর ফর গ্রিন বাংলাদেশ” শীর্ষক একটি সেবা ডিজিটলাইজেশন করা হয়েছে। এই সিস্টেমে বিদ্যুৎ গ্রাহকগণ প্রথমে ইউটিলিটি বাছাই করে বাড়ির ছাদের আয়তন এবং কাঙ্ক্ষিত লোডের তথ্য ইনপুট হিসেবে এন্ট্রি করলেই সিস্টেম হতে ফলাফল জানা যাবে। এছাড়া নেট মিটারিং এর আওতায় সোলার প্যানেল স্থাপনে এককালীন ব্যয়িত অর্থ, ব্যবহারের মেয়াদ, অতিরিক্ত ইউনিট ইত্যাদি বিষয়সমূহ খুব সহজেই ধারণা পাওয়া যাবে।

৩। “সোলার এনার্জি (নেট মিটারিং) ক্যালকুলেটর ফর গ্রিন বাংলাদেশ” শীর্ষক ডিজিটাল সেবাটি এখন থেকে বিদ্যুৎ বিভাগ ও আওতাধীন দপ্তর/সংস্থা/কোম্পানির ওয়েব পোর্টালে পাওয়া যাবে এবং বিদ্যুৎ গ্রাহকগণ সহজেই কাঙ্ক্ষিত সেবা পাবেন।

৪। যথাযথ কর্তৃপক্ষের অনুমোদনক্রমে এ আদেশ জারি করা হলো।


(রেসেপশন আকতার)
উপসচিব

ফোনঃ ৯৫১৩৩৬৪

dsadmin@pd.gov.bd

কার্যার্থে বিতরণঃ

(জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়)

- ০১। চেয়ারম্যান, বিইপিআরসি/স্রেডা/বাংলাদেশ পল্লী বিদ্যুতায়ন বোর্ড/বাংলাদেশ বিদ্যুৎ উন্নয়ন বোর্ড
- ০২। প্রধান বিদ্যুৎ পরিদর্শক, ঢাকা
- ০৩। ব্যবস্থাপনা পরিচালক, ডিপিডিসি/ ডেসকো/ আরপিসিএল/ ওজোপাডিকো/ এপিএসসিএল/
পিজিসিবি/নওপাজেকো/ইজিসিবি/সিপিজিসিবিএল/নেসকো/বি-আর পাওয়ারজেন

অনুলিপিঃ

- ১। সচিব মহোদয়ের একান্ত সচিব, বিদ্যুৎ বিভাগ।
- ২। যুগ্মসচিব (প্রশাসন/কোঃ এ্যাফেঃ) মহোদয়ের ব্যক্তিগত কর্মকর্তা, বিদ্যুৎ বিভাগ।
- ৩। অফিস কপি।

ওয়েব পোর্টালে লিংক
অন্তর্ভুক্ত করার জন্য
অনুরোধ করা হলো।